মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

৩নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি ঃ জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ ৩নং ওয়ার্ড কাউন্সিলরের বাসভবন, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ ঃ বিকাল ৩.০০ ঘটিকা , ০২/০[illegible]/২০২১ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার শুরুতে সদস্য জনাব,মিজানুর রহমান পাঞ্জাবের মৃত্যুতে শোক প্রস্তাব পাস করে কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। রাস্তা ও ড্রেন মেরামত করন প্রসংগে।

৩। ডাষ্টবিন স্থাপন প্রসংগে।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্তগৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন মেরামত করন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পৌর কর পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে।সদস্য জনাব ডাঃ কাশেম বলেন ৩নং ওয়ার্ডের নতুন পাড়া এলাকায় পালুর বাউন্ডারী হতে ভৈরব নদী পর্যন্ত রাস্তা করনের জন্য সুপারিশ একটু বৃষ্টি হলেই উক্ত রাস্তায় কাদা হয়ে যায়। তাছাড়া ৩নং ওয়ার্ডের ফুলবাগান পাড়া মহিলা মাদ্রাসার	ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		সামনের রাস্তায় জলাবদ্ধতা দূরীকরনের জন্য ড্রেন সহ রাস্তা করনের জন্য এছাড়া ও বিভিন্ন এলাকায় অতিবৃষ্টিতে অনেক পরিবার পানি বন্ধি অবস্থায় জীবন যাপন করছে ইহা দ্রুত ব্যবস্থা নেওয়া ও পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, পরিচ্ছন্ন কর্মী দ্বারা ময়লা অপসারন কার্যক্রম জোরদারসহ অত্র এলাকায় দ্রুত সড়ক বাতি স্থাপনের জন্য সদস্য গন সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করন। সদস্য ইনসান মন্ডল মশক নিধনের জন্য এবং জন্ম ও মৃত্যুর সাল সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন।		
০৩	ডাষ্টবিন স্থাপন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাব নাসিমা খাতুন বলেন ৩নং ওয়ার্ডের তাঁতীপাড়ার রাস্তাটির অবস্থা খুবই জরাজীর্ণ। একটু পানি হলেই উক্ত রাস্তা দিয়ে যতায়াত করা খুবই কষ্টস্বাধ্যে। তাছাড়া রাস্তার পাশে ডাষ্টবিন না থাকায় যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলে পরিবেশ দূষিত করছে। পৌর জনস্বার্থে জরুরী ভিত্তিতে ডাষ্টবিন স্থাপনের জন্য অনুরোধ জানান। সদস্য জনাব ডঃ কাশেম বলেন যে, বেড়পাড়া এলাকায় কিছু সড়ক বাতির ব্যবস্থা করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।	পৌর ফান্ড এবং প্রজেক্ট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে কাজগুলি সমাধানের সুপারিশ করা হয়।	মেয়র
০৪	বিবিধ	আলোচনায় সদস্য সচিব মেহেরপুর পৌরসভার নিরাপদ অভিবাসন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বিদেশ যাওয়ার আগে ভালো করে জেনে বুঝে সঠিক নিয়ম অনুসরন করে বৈধ পথে বিদেশ গমনের ব্যাপারে সকলকে সচেতন হতে হবে।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

02/09/2023

(সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী)
সভাপতি(WLCC)
ও
৩নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

E:\word committee.doc

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ০২/০৯/২০২১, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাবা, মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	[signature]
২	জনাব মোঃ আমিরুল ইসলাম	তাঁতীপাড়া, মেহেরপুর	
৩	জনাবা, মোছাঃ নাসিমা খাতুন	প্রাক্তন কমিশনার	[signature]
৪	জনাব মোঃ বক্কার আলী	তাঁতীপাড়া, মেহেরপুর	[signature]
৫	জনাবা, মোছাঃ সোনিয়া আক্তার সুমি	তাঁতীপাড়া, মেহেরপুর	[signature]
৬	জনাব মোঃ ইনছান মন্ডল	বেড়পাড়া, মেহেরপুর	
৭	জনাব, ডাঃ কাশেম	বেড়পাড়া, মেহেরপুর	[signature]
৮	জনাবা, মোছাঃ ফুলকি খাতুন	তাঁতীপাড়া, মেহেরপুর	
৯	জনাব আবু-হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী	[signature] 02/9/21
১০	জনাব,সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী	কাউন্সিলর ও সভাপতি	[signature] 02/9/2021